



## জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ

৬৯-৭০, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০

www.nctb.gov.bd



স্মারক নং: শি:/উ:/২৫৭/২০০৯/ ২২০৮

তারিখ: ০৫/১১/২০২৩ খ্রি:

বিষয়: বিষয়ভিত্তিক বার্ষিক সামষ্টিক মূল্যায়ন টুলস্ এর মাধ্যমে মাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠানে ষষ্ঠ এবং সপ্তম শ্রেণির মূল্যায়ন কার্যক্রম পরিচালনা প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ে আপনার সদয় অবগতি ও কার্যার্থে জানানো যাচ্ছে যে, ২০২৩ শিক্ষাবর্ষ থেকে সারা দেশের মাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠানে ষষ্ঠ এবং সপ্তম শ্রেণিতে জাতীয় শিক্ষাক্রম রূপরেখা ২০২১ এর আলোকে প্রণীত পাঠ্যপুস্তক ও অন্যান্য শিখন সামগ্রীর মাধ্যমে শিখন এবং মূল্যায়ন কার্যক্রম চলমান। শিক্ষাক্রম রূপরেখা ২০২১ এ সকল মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানে শিখনকালীন ও সামষ্টিক মূল্যায়ন পরিচালনার কথা বলা হয়েছে। ইতোমধ্যে বছরের শুরু থেকে শিখনকালীন মূল্যায়ন চলমান আছে এবং গত জুন মাসে ষাণ্মাসিক সামষ্টিক মূল্যায়ন সম্পন্ন হয়েছে। চলতি শিক্ষাবর্ষের বার্ষিক সামষ্টিক মূল্যায়ন পরিচালনার সময়সূচি ও প্রয়োজনীয় কার্যার্থে ইতোমধ্যেই আপনার বরাবর প্রেরণ করা হয়েছে। প্রেরিত পত্র মোতাবেক আগামী ০৯/১১/২০২৩ তারিখ হতে সারা দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানের ষষ্ঠ এবং সপ্তম শ্রেণিতে নতুন শিক্ষাক্রমের আলোকে বার্ষিক সামষ্টিক মূল্যায়ন কার্যক্রম শুরু হবে।

শিক্ষাক্রম রূপরেখা ২০২১ অনুযায়ী সামষ্টিক মূল্যায়নের অংশ হিসেবে ১৩টি বিষয়ের বার্ষিক সামষ্টিক মূল্যায়নের জন্য বিষয়ভিত্তিক মূল্যায়ন টুলস্ ও নির্দেশনা জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড কর্তৃক প্রস্তুত করা হয়েছে। প্রস্তুতকৃত বিষয়ভিত্তিক মূল্যায়ন টুলস্‌সমূহ ও এই সংক্রান্ত নির্দেশনাসমূহের সফট কপি এই সঙ্গে প্রেরণ করা হলো। বিষয়ভিত্তিক মূল্যায়ন টুলস্ ও এই সংক্রান্ত নির্দেশনাসমূহ আপনার অধিদপ্তরের আওতাধীন মাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠানে প্রেরণ এবং নির্দেশনা অনুসরণপূর্বক ষষ্ঠ এবং সপ্তম শ্রেণিতে বার্ষিক সামষ্টিক মূল্যায়ন কার্যক্রম পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

মহাপরিচালক  
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর

মোসা: নাজমা আখতার  
সচিব



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর  
গবেষণা ও উন্নয়ন শাখা

গাইড হাউস (৭ম ও ১০ম তলা), নিউ বেইলী রোড, ঢাকা-১০০০

www.dme.gov.bd



২১ কার্তিক, ১৪৩০

স্মারক নং- ৫৭.২৫.০০০০.০০৭.১১.০০১.২১-২৬২

তারিখ: ০৬ নভেম্বর, ২০২৩

উপরিলিখিত নির্দেশনার প্রেক্ষিতে বিষয়ভিত্তিক বার্ষিক সামষ্টিক মূল্যায়ন টুলস্ এর মাধ্যমে দাখিল ষষ্ঠ ও সপ্তম শ্রেণির মূল্যায়ন কার্যক্রম পরিচালনা করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বিষয়ভিত্তিক মূল্যায়ন টুলস্ ও নির্দেশনা

অধ্যক্ষ/সুপার .....(সকল বেসরকারি মাদ্রাসা)

U. U.  
০৬/১১/২৩  
মুহম্মদ হোসাইন  
পরিদর্শক (সহকারী অধ্যাপক)  
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর

বিতরণ:

- ১। জেলা প্রশাসক.... (সকল)
  - ২। উপজেলা নির্বাহী অফিসার... (সকল)
  - ৩। জেলা শিক্ষা অফিসার.... (সকল)
  - ৪। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার... (সকল)
- তার আওতাধীন সকল মাদ্রাসায় সংযুক্ত বিষয়ভিত্তিক মূল্যায়ন টুলস্ ও নির্দেশনা প্রেরণ করার অনুরোধসহ।

সদয় অনুলিপি:

- ১। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ২। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারি, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।